

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রেলওয়ে  
আইসিটি সেল  
[www.mor.gov.bd](http://www.mor.gov.bd)

**বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত সভা।**

সভাপতি : হাসান মাহমুদ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার  
রেলপথ মন্ত্রণালয়

তারিখ : ২৯ জানুয়ারি ২০২৩

সময় : সকাল ১১:০০ টা

স্থান : রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং-৯৩০)


উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আলোকে রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করার নিমিত্ত আজকের এ সভার আয়োজন করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক প্রতিবেদন গত ১৫.০১.২০২৩ তারিখে অত্র মন্ত্রণালয়ে দাখিল করা হয়। উক্ত প্রতিবেদনের ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

কর্মপরিকল্পনার ক্রমিক নং	কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত
১.১.১	সেবা সহজিকরণ / ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার কার্যক্রম সংক্রান্ত।	বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) সভাকে জানান যে, সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার কার্যক্রম চলমান রয়েছে।	নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রম শেষ করতে হবে।
১.২.১	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত সংক্রান্ত।	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ ১৫.০৯.২০২২ তারিখের মধ্যে প্রস্তুত করা হয়েছে।	অর্জিত
১.২.২	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার কার্যক্রম সংক্রান্ত।	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রয়েছে।	অর্জিত
১.৩.১	ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, রেলভবনে ই-ফাইলের কার্যক্রম চলমান রয়েছে।	নির্ধারিত মানদণ্ড অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১.৪.১	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম সংক্রান্ত।	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, ইতোমধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্ম-পরিকল্পনা প্রণয়ন করার কার্যক্রম চলমান রয়েছে।	কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
১.৪.২	৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ০২(দুই) টি বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের কার্যক্রম সংক্রান্ত।	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় ০২(দুই) টি বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।	নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রম শেষ করতে হবে।

২.১.১	তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত (ত্রৈমাসিক ভিত্তিতে)	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, বাংলাদেশ রেলওয়ের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হয়।	অর্জিত
২.২.১	বাংলাদেশ রেলওয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪ টি প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম সংক্রান্ত।	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৪ টি প্রশিক্ষণের মধ্যে ইতোমধ্যে ১ টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।	নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রম শেষ করতে হবে।
২.২.২	ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় সংক্রান্ত।	বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) সভাকে জানান যে, ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ বিভিন্ন কর্মশালা আয়োজনের মাধ্যমে ব্যয় করা হচ্ছে।	নির্ধারিত মানদণ্ড অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২.২.৩	কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত।	সিএসটিই টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভাকে জানান যে, বাংলাদেশ রেলওয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৫.০১.২০২৩ তারিখে রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	অর্জিত
২.২.৪	বাংলাদেশ রেলওয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের কার্যক্রম সংক্রান্ত।	বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) সভাকে জানান যে, বাংলাদেশ রেলওয়ের আওতাধীন পূর্ব ও পশ্চিম অঞ্চলের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।	নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রম শেষ করতে হবে।
২.২.৫	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম।	বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো) সভাকে জানান যে, এই অর্থবছরের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা হবে।	নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রম শেষ করতে হবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(হাসান মাহমুদ)

যুগ্মসচিব

ও

চীফ ইনোভেশন অফিসার

রেলপথ মন্ত্রণালয়